গাংনীতে সাজাপ্রাপ্ত আসামিসহ ৭ জন আটক

মেহেরপুরের গাংনীতে সাজাপ্রাপ্ত আসামিসহ ৭ জনকে আটক করেছে থানা পুলিশ। গতকাল বুধবার (২৫ অক্টোবর) রাতভর থেকে বৃহস্পতিবার ভোর পর্যন্ত অভিযান চালিয়ে মাদক উদ্ধারজনিত মামলায় ৪ জন,অন্যান্য মামলা ১ জন ও গ্রেফতারি পরোয়ান মূলে ২ জনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন গাংনী উপজেলার রাজাপুর গ্রামের ওয়াজেদ কারীকরের ছেলে সাইদুল ইসলাম (৪০),৭নং ওয়ার্ড ভিটাপাড়ার মৃত মহাসিন আলীর ছেলে মীর মহিদুল ওরফে মুকুল (৪৮), মাইলমারী মন্ডলপাড়ার মৃত দবির উদ্দীনের ছেলে মোঃ সেকেন্দার আলী(৪৫),সাহারবাটি গ্রামের মৃত নেক মোহাম্মদের ছেলে মোঃ তরিকুল আলী(৪০), কাজিপুর হাজীপাড়ার মোঃ রুপচাঁনের ছেলে আমিরুল ইসলাম(৩৮), করমদী মধ্যপাড়ার মৃতঃ আঃ কুদ্দুসের ছেলে মাগরীব আলী,আকুবপুরের মৃত জামাত আলীর ছেলে মোঃ নান্নু (২০)।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, সাজাপ্রাপ্ত মাদক মামলার আসামিসহ বিভিন্ন মামলায় ৭ জনকে আটক করে আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৭ জন আটক

মেহেরপুর সদর থানা পুলিশের বিশেষ অভিযানে মাদক সেবি, মাদক বিক্রেতা ও চুরির মামলার মোট ৭ আসামি আটক হয়েছে।

গতকাল রবিবার দিবাগত রাতে মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের আটক করা হয়েছে।

আটকরা হলেন, ৭ নং ওয়ার্ড মিয়াপাড়া এলাকার মৃত আব্দুল্লাহর ছেলে মিকাইল ইসলাম (২৯), ৫ নং ওয়ার্ড ক্যাশবপাড়া এলাকার মৃত সুমন মন্ডলের ছেলে খাজা মইনুদ্দিন মুহিত (২২), ১ নং ওয়ার্ড নতুনপাড়া

এলাকার আনারুল ইসলামের ছেলে শাকিব (২২), ৭ নং ওয়ার্ড মিয়াপাড়া এলাকার মৃত লুৎফর রহমানের ছেলে নবী (৪৫), ২ নং ওয়ার্ড হালদারপাড়া এলাকার মৃত মধু হালদারের ছেলে কৃষ্ণ হালদার, ৭ নং ওয়ার্ড ফৌজদারী পাড়া এলাকার শিহাব হোসেনের ছেলে স্বাধীন (২৩) ও ৮ নং ওয়ার্ড পুরাতন বাসস্ট্যান্ড পাড়ার মোশররফ হোসেনের ছেলে তারেকুজ্জামান জুয়েল (৪৫)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের আটক করেন।

ওসি সাইফুল ইসলাম বলেন, শহরের আইন শৃংখলা ভাল রাখতে ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রাখতে বিশেষ অভিযান চালানো হয়। আটক আসামির মধ্যে ৪ জন মাদক সেবি ও বিক্রেতা এবং বাকীরা পেশাদার চোর।

আটকদের রাতেই মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ডোপ টেষ্ট করা হয়েছে। আজ সোমবার (১০ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।